গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

**অক্টোবর ২০১৫ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম
অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি)
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৯-১০-২০১৫ খ্রিস্টাব্দ।
সভার সময় : বিকাল- ০৪.০০ টা।
সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) এর অফিস কক্ষ, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব ইনোভেটিভ আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| 1 | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ**<br>সভাপতি উপস্থাপিত সেপ্টেম্বর ২০১৫ মাসের কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চান। সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | | |
| ২ | **জেলা ও উপজেলা ইনোভেশন টিম এর পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম গঠন এবং কর্মকর্তাদের বদলী, পদন্নোতি বা অন্যান্য কারণে ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম প্রতিনিয়ত পুর্নগঠিত হচ্ছে এবং পুনর্গঠনপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা ইনোভেশন টিম পুনর্গঠন প্রক্রিয়া ও পুনর্গঠন শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ সবসময় অব্যাহত রাখতে হবে। | জেলা ইনোভেশন অফিসার<br>ও<br>উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম |
| ৩ | **উপজেলা ইনোভেশন টিম এর সভা সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় উপজেলা ইনোভেশন টিম এর মাসিক সভা সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ সভায় অবহিত করেন যে, উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম এর মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না। সভা অনুষ্ঠান সংক্রান্ত প্রতিবেদন বা মাসিক সভার কার্যবিবরণী জেলা ইনোভেশন টিম এর সভার পূর্বে একটিও উপজেলা হতে এ কার্যালয়ে পাওয়া যায়নি জেলা ইনোভেশন টিমের সদস্য এ কার্যালয়ের সহকারী কমিশনার (আইসিটি) বিষয়টি অবহিত করেন। কোন কোন উপজেলায় 'উপজেলা ইনোভেশন টিম' এর সভা নিয়মিত অনুষ্ঠিত না হওয়ার প্রেক্ষিতে সভায় অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা ইনোভেশন টিম এর সভা নিয়মিত করা ও উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য জেলা প্রশাসক মহোদয়ের স্বাক্ষরে পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা করেন। | ১) উপজেলা ইনোভেশন টিম এর সভা প্রতি ইংরেজি মাসের ১০ তারিখের মধ্যে অনুষ্ঠান সম্পন্ন করে ২৮ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম জেলা প্রশাসক মহোদয়ের স্বাক্ষরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) উপজেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই জেলা ইনোভেশন অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম<br>ও<br>সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **<u>ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সভায় ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং ২০১৫ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>সভাপতি উপজেলা ইনোভেশন টিম এর বাৎসরিক কর্মপরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জানান যে, এখনো কোন উপজেলা হতে বাৎসরিক কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। সভাপতি উপজেলা ইনোভেশন টিম এর বাৎসরিক কর্মপরিকল্পনা উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদনপূর্বক দ্রুত এ কার্যালয়ে প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | জেলা ইনোভেশন টিম এর বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৫ জেলা উন্নয়ন সমন্বয় সভায় ইতোমধ্যে অনুমোদিত হয়েছে । উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদনপূর্বক উপজেলা ইনোভেশন টিম এর ২০১৫ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা জরুরী ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৫ | **<u>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>উপজেলা পর্যায়ে চলমান সেবায় উদ্ভাবনী উদ্যোগের সাথে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে স্বীয় উপজেলার উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, উপজেলা ইনোভেশন কর্মকর্তা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজনের ক্ষেত্রে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ প্রতিমাসে জেলা প্রশাসক মহোদয়ের সম্ভাব্য কর্মপরিকল্পনা ও ভ্রমণ সূচি অনুসরণপূর্বক ইনোভেশন সার্কেল আয়োজন বিষয়ে আলোচনা করেন।<br>জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জেলা পর্যায়ে চলমান সেবায় উদ্ভাবনী উদ্যোগের সাথে জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে জেলা ইনোভেশন সার্কেল আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | ১) জেলা প্রশাসক মহোদয়ের সম্ভাব্য কর্মপরিকল্পনা ও ভ্রমণ সূচি বিবেচনায় উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজনপূর্বক এ কার্যালয়কে অবহিত করতে হবে এবং সার্কেলে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন জেলা ইনোভেশন অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২) জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে জেলা পর্যায়ে ইনোভেশন সার্কেল আয়োজন করতে হবে। | 1) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম<br><br>2) সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| ৬ | **<u>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ</u>**<br>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিও সমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। সহকারী কমিশনার আইসিটি সভায় অবহিত করেন যে, জেলা প্রশাসক মহোদয় সরকারি কাজে বিদেশে অবস্থান করায় জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে বিগত সভার সিদ্ধান্তের আলোকে জেলা প্রশাসক মহোদয়ের স্বাক্ষরে ডিও পত্র দেয়া সম্ভব হয়নি। জেলা প্রশাসক মহোদয় কর্মস্থলে যোগদানের পর জেলা প্রশাসক মহোদয়ের স্বাক্ষরে ডিও পত্র দেয়া যেতে পারে মর্মে সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ অভিমত ব্যক্ত করেন। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিও সমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে ইনোভেটিভ আইডিয়ার জন্য জেলা প্রশাসক মহোদয়ের স্বাক্ষরে ডিও পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | 1) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br>2) সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| ৭ | **<u>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সভায় জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদ সম্পর্কে আলোচনা হয়। পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ, ওয়েব পোর্টালে তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা হয়। জেলা ওয়েব পোর্টাল প্রতিনিয়ত হালনাগাদ এর জন্য জেলা পর্যায়ের সকল দপ্তরকে স্বীয় দপ্তরের তথ্য নিয়মিত আপলোড করণ এবং অনুরূপভাবে উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তরের তথ্য আপলোডসহ পোর্টালের প্রতিটি ট্যাব পূরণের বিষয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা ইনোভেশন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং এবং উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রয়োজনীয় কর্মপদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br>সহকারী কমিশনার (আইসিটি), সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম ও জনাব মোঃ রেজাউল করিম, অফিস সহকারী, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এর সমন্বয়ে জেলা ওয়েব পোর্টাল যাচাই কমিটি গঠনের বিষয়ে আলোচনা করেন। সভাপতি হালনাগাদ তথ্য প্রতিমাসের সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা ইনোভেন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং করবেন।<br><br>২। উপজেলা পোর্টালসমূহের হালনাগাদ তথ্য প্রতি মাসের জেলা ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>৩। সহকারী কমিশনার (আইসটি)<br><br>৪। সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৮ | **<u>ইনোভেটিভ আইডিয়ার পাইলট প্রকল্প সম্পর্কে আলোচনাঃ</u>**<br>সভায় ইনোভেটিভ আইডিয়া সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ বলেন আরও নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া উদ্ভাবনের জন্য সকল দপ্তর/প্রতিষ্ঠানকে উদ্বুদ্ধকরণের জন্য পত্র দেয়া যেতে পারে। এর বিষয়ে আলোচনা করেন। সভায় ইনোভেটিভ আইডিয়া "অনুসন্ধান V R" এর সর্বশেষ অবস্থা সম্পর্কে আলোচনা করেন। সহকারী কমিশনার(আইসিটি) জানান যে গত সভার সিদ্ধান্তের আলোকে বর্ণিত বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। | ১) ইনোভেটিভ আইডিয়া সমূহ আরও জনবান্ধব, সুদূরপ্রসারী করণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ইনোভেটিভ আইডিয়া সমূহ বাস্তবায়নে সরকারের আর্থিক সক্ষমতা বিবেচনায় রেখে জেলা ও উপজেলা প্রশাসন এবং বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহকে সম্পৃক্তকরণে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। উপজেলা ইনোভেশন অফিসার এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন। | জেলা ইনোভেশন টিম, উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম ও ইনোভেশন টিম সংশ্লিষ্ট দপ্তর |
| ৯ | বিবিধঃ<br>১। ইনোভেশন সংক্রান্ত জেলা পর্যায়ে ওয়ার্কশপ আয়োজন করা সম্পর্কে আলোচনা করা হয় এবং জেলা ও উপজেলা পর্যায়ে সোশ্যাল মিডিয়া আড্ডা'র উদ্যোগ নেয়া সম্পর্কে আলোচনা করা হয়। Public Service Innovation, Bangladesh গ্রুপ এ জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে সদস্য হওয়ার জন্য অনুরোধ করেন পাশাপাশি ইনোভেশন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য এই পেজে আপলোডেরও অনুরোধ করেন।<br>২। ল্যাববিশিষ্ট প্রতিটি বিদ্যালয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস শুরু করেছেন মর্মে জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম সভায় অবহিত করেন এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। শিক্ষা বিভাগের পোর্টাল আপডেট সম্পর্কে এবং তাঁর অফিসের নামে ফেসবুক আইডি সম্পর্কে আলোচনা করা হয়।<br>৩। কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিম এর সদস্যদের নিয়ে ফেসবুক গ্রুপ Innovation Teams, Kurigram বিষয়ে আলোচনা করেন। সভাপতি ইনোভেশন টিম এর সকল সদস্যকে ফেসবুকের উক্ত গ্রুপটিতে সম্পৃক্ত হতে অনুরোধ করেন।<br>৪। কোন কর্মকর্তা বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন করলে তার উদ্যোগটি চলমান রাখার বিষয়ে আলোচনা হয়।<br>৫। সভাপতি বেসরকারি পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষে মাসিক এনজিও বিষয়ক (NGO) সমন্বয় সভায় এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটি (DDCC) সভায় ইনোভেশন সংক্রান্ত ও জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সংক্রান্ত এজেন্ডা অন্তর্ভূক্তিকরণের বিষয়ে আলোচনা করেন। সহকারী কমিশনার (আইসিটি) জানান যে, বেসরকারি পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষে মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভায় এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটি'র সভায় ইনোভেশন সংক্রান্ত এজেন্ডা অন্তর্ভূক্তিকরণের জন্য সহকারী কমিশনার (সাধারণ)কে অনুরোধ জানিয়ে ইতোপূর্বে পত্র দেয়া হয়েছে।<br>৬। You tube এবং Twiter-এ Innovation Team এর কার্যক্রম সম্পর্কিত তথ্য Upload করার বিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) জনান যে, Twitter-এ Innovation Teams, Kurigram নামক একটি একাউন্ট খোলা হয়েছে এবং ইনোভেশন সম্পর্কিত কোন ভিডিও চিত্র থাকলে এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ করলে তা You tube এ Upload করা হবে ।<br>৭। সভাপতি E-Library কে জেলা ওয়েব পোর্টাল এর সাথে সংযুক্ত/linked করার বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জনান যে, অত্র কার্যালয়ের লাইব্রেরী শাখার যে ই-লাইব্রেরীটি তা বর্তমানে অকার্যকর অবস্থায় আছে বিধায় ই-লাইব্রেরীকে ওয়েব পোর্টালে linked করা যায়নি। উল্লেখ্য, জেলা ওয়েব পোর্টালে ই-লাইব্রেরী নামে একটি Sub-menue খোলা হয়েছে। | ১) Public Service Innovation, Bangladesh গ্রুপ পেজে জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে সদস্য হতে হবে।<br>২) মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা সংক্রান্ত তথ্য নিয়মিত ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করতে হবে। শিক্ষা বিভাগের বিভাগের পোর্টাল নিয়মিত আপডেট এবং তাঁর অফিসের নামে ফেসবুক আইডি চালু করতে হবে।<br>৩) ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গ্রুপে সকল কর্মকর্তাকে অন্তর্ভূক্তকরণসহ সবার সাথে সমন্বয় করার জন্য সহকারী কমিশনার (আইসিটি)কে নির্দেশনা প্রদান করেন।<br>৪) চলমান উদ্ভাবনী সমূহের উদ্ভাবক/কর্মকর্তা বদলি হলে অত্র কার্যালয়কে অবহিতকরণ করতে হবে ও উদ্যোগটি চলমান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫) বেসরকারি পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষে মাসিক এনজিও বিষয়ক (NGO) সমন্বয় সভায় এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটি'র (DDCC) সভায় ইনোভেশন সংক্রান্ত ও জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সংক্রান্ত এজেন্ডা অন্তর্ভূক্তিকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬) Youtube এবং Twitter -এ Innovation Team এর কার্যক্রম সম্পর্কিত তথ্য Upload করতে হবে।<br>৭) সহকারী কমিশনার (ফরমস, স্টেশনারী এন্ড লাইব্রেরী)-কে E-Library কার্যকর করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>২) জেলা শিক্ষা কর্মকর্তা, কুড়িগ্রাম<br>৩)সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>৪) উদ্ভাবনী উদ্যোগের উদ্ভাবক/কর্মকর্তা (সকল)<br>৫) সহকারী কমিশনার (সাধারণ) ও সহকারী কমিশনার (আইসিটি) জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>৬)সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>৭)সহকারী কমিশনার (ফরমস, স্টেশনারী এন্ড লাইব্রেরী), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি)
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম
ই-মেইলঃ adcictkurigram@yahoo.com